

দূর রজনীর স্বপন লাগে আজ নূতনের হাসিতে,
 দূর ফাগুনের বেদন জাগে আজ ফাগুনের বাঁশিতে ।
 হয় রে সে কাল হয় রে কখন চলে যায় রে
 আজ এ কালের মরীচিকায় নতুন মায়ায় ভাসিতে ।
 যে মহাকাল দিন ফুরালে আমার কুসুম ঝরালো
 সেই তোমারি তরুণ ভালে ফুলের মালা পরালো ।
 শুনিয়ে শেষের কথা সে কাঁদিয়ে ছিল হতাশে,
 তোমার মাঝে নতুন সাজে শূন্য আবার ভরালো ।
 আমরা খেলা খেলেছিলেম, আমরাও গান গেয়েছি ।
 আমরাও পাল মেলেছিলেম, আমরা তরী বেয়েছি ।
 হারায় নি তা হারায় নি বৈতরণী পারায় নি -
 নবীন চোখের চপল আলোয় সে কাল ফিরে পেয়েছি ॥

Parjaay: Bichitro, Taal: Kaharwa, Raag: Mishra-Khambaj
 Visit www.geetabitan.com for notation and other detail